গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১৪.২০-১২৮

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৬ / ০৮ মার্চ ২০২০

বিষয়ঃ রিট পিটিশন নং-১৪৮০৫/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৪৮০৫/২০১৯ এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্টস | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১৪৮০৫/২০১৯ | জনাব মো: আহসান হাবিব (ইন্সট্রাক্টর ড্রেস মেকিং এন্ড টেইলারিং), এস.এস.সি (ভোকেশনাল) পানানগর দ্বিমূখী উচ্চ বিদ্যালয়, দূর্গাপুর, রাজশাহী। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি ডিটিই সহ মোট ০৬ (ছয়) জন। | রাজশাহী জেলাধীন পানানগর দ্বিমূখী উচ্চ বিদ্যালয় এর এস.এস.সি (ভোকেশনাল) শাখার ট্রেড ইন্সট্রাক্টর (ড্রেস মেকিং এন্ড টেইলারিং), মো: আহসান হাবিব কর্তৃক এমপিও ভুক্তির জন্য গত ২১/০৫/২০১৩ইং তারিখে ডিজি, ডিটিই বরাবর (ANNEXURE-G মূলে) আবেদন দাখিল করা হয়।<br>উক্ত আবেদনের আলোকে ডিটিই কর্তৃক কার্যকরি ব্যবস্থা গ্রহণ না করায় পিটিশনার জনাব মো: আহসান হাবিব কর্তৃক ২ নং রেসপনডেন্ট (ডি.জি, ডিটিই) কে উক্ত প্রতিষ্ঠানে তার নাম এমপিও তালিকাভুক্ত করার নির্দেশনা প্রদানের দাবিতে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪৮০৫/২০১৯ দায়ের করা হয়। |

০২। উক্ত রিট মামলাটি গত ০৬/০১/২০২০ তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রুল শুনানি অনিষ্পন্ন রেখে পিটিশনারকে বর্ণিত প্রতিষ্ঠানের এমপিও ভুক্ত করার জন্য মহোদয় বরাবর দাখিলকৃত আবেদনটি (ANNEXURE-G মূলে) নিষ্পত্তিকরণের কার্যকরি ব্যবস্থা গ্রহণ না করায় কেন বেআইনি ঘোষণা কর হবে না: সেমর্মে প্রতিপক্ষগণের প্রতি ০৩.০২.২০২০ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে করণ দর্শানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। একই সাথে আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে পিটিশনার কর্তৃক ২১/০৫/২০১৩ইং তারিখে মহোদয় বরাবর দাখিলকৃত আবেদনটি (ANNEXURE-G মূলে) নিষ্পত্তি করার জন্য ০২ নং রেসপনডেট (ডিজি, ডিটিই) কে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নিষ্পত্তির সাথে রুলটি স্বয়ংক্রিয়ভাবে খারিজ হয়ে যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। সেমতে উক্ত রিট মামলার ০৬.০১.২০২০ তারিখের অন্তবর্তীকালীন আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে মামলার জবাব (AFFIDAVIT IN OPPOSITION) দাখিলের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে মহোদয় কর্তৃক পিটিশনারের আবেদনটি (ANNEXURE-G মূলে) নিষ্পত্তিকরত: মামলার জবাব (AFFIDAVIT IN OPPOSITION) দাখিলক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১৪৮০৫/২০১৯ মামলার ০৬.০১.২০২০ তারিখের অন্তবর্তীকালীন আদেশ অনুযায়ী ইতোমধ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরী ভিত্তিতে পিটিশনারের আবেদনটি ( ANNEXURE-G মূলে) নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে মামলার জবাব (AFFIDAVIT IN OPPOSITION) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে তথ্যাদি আগামী ২০.০৩.২০ তারিখের মধ্যে এ বিভাগকে (প্রমাণকসহ) অবহিতির জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০৮/০৩/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। মাস্টার কপি/অফিস কপি।